

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১২৫২

২৯. তালাক অধ্যায় (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ৩৩. বাদীর ইদ্দত- যদি তাহার কর্তা কিংবা স্বামীর মৃত্যু হয়

بَابِ عِدَّةِ الْأُمَةِ إِذَا تُوفِي سَيِّدُهَا أَوْ زَوْجُهَا

আরবী

قَالَ مَالِكَ فِي الْعَبْدِ يُطَلِّقُ الْأُمَةَ طَلَاقًا لَمْ يَبُتَّهَا فِيهِ لَهُ عَلَيْهَا فِيهِ الرَّجْعَةُ ثُمَّ يَمُوتُ وَهِي فِي عِدَّتِهَا مِنْ طَلَاقِهِ إِنَّهَا تَعْتَدُّ عِدَّةَ الْأُمَةِ الْمُتَوَقَّى عَنْهَا زَوْجُهَا شَهْرَيْنِ وَخَمْسَ لَيَالٍ فَي عِدَّتِهَا إِنْ عَتَقَتْ وَلَهُ عَلَيْهَا رَجْعَةٌ ثُمَّ لَمْ تَخْتَرْ فِرَاقَهُ بَعْدَ الْعِتْقِ حَتَّى يَمُوتَ وَهِيَ فِي عِدَّتِهَا وَإِنَّهَا إِنْ عَتَقَتْ وَلَهُ عَلَيْهَا رَجْعَةٌ ثُمَّ لَمْ تَخْتَرْ فِرَاقَهُ بَعْدَ الْعِتْقِ حَتَّى يَمُوتَ وَهِيَ فِي عِدَّتِهَا مِنْ طَلَاقِهِ اعْتَدَّتْ عِدَّةَ الْحُرَّةِ الْمُتَوَفَّى عَنْهَا زَوْجُهَا أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا وَذَلِكَ أَنَّهَا إِنَّمَا وَقَعَتْ عَلَيْهَا عِدَّةُ الْحُرَّةِ قَالَ مَالِكَ وَهَذَا الْأَمْرُ عِنْدَنَا وَقَعَتْ عَلَيْهَا عِدَّةُ الْحُرَّةِ قَالَ مَالِكَ وَهَذَا الْأَمْرُ عِنْدَنَا

বাংলা

রেওয়ায়ত ৯৪. মালিক (রহঃ) বলেনঃ ক্রীতদাস (স্বামী) ক্রীতদাসী (স্ত্রী)-কে এমন তালাক দিল যাহা বাইন নহে এবং উহাতে স্ত্রীর দিকে রুজু করার ইখতিয়ার আছে। তারপর তাহার মৃত্যু ঘটিল এবং স্ত্রী তখন তালাকের ইদ্দত পালন করিতেছে, তবে সে যে ক্রীতদাসীর স্বামীর মৃত্যু হইয়াছে তাহার মতো ইদ্দত পালন করিবে, আর ইহা দুই মাস পাঁচ রাত্রি। আর যদি তাহাকে মুক্তি দান করা হয় তাহার স্বামীর রুজু করার ক্ষমতা থাকাবস্থায়, তারপর তাহার স্বামীর মৃত্যুকাল পর্যন্ত সে স্বামী হইতে বিচ্ছেদ গ্রহণ করে নাই এবং সে তখনও তালাকের ইদ্দতে রহিয়াছে, তবে সে (ক্রীতদাসী) আযাদ মহিলার মতো (যাহার স্বামীর মৃত্যু হইয়াছে) চার মাস দশ দিন ইদ্দত পালন করিবে। ইহা এইজন্য যে, আযাদ হওয়ার পর তাহার উপর (স্বামীর) ওফাতের ইদ্দত বর্তাইয়াছে। তাই তাহার ইদ্দত হইবে আযাদ স্ত্রীর ইন্দতের মতো।

[মালিক (রহঃ) বলেনঃ ইহাই আমাদের নির্ধারিত মত।]

English

Malik said, about a slave who divorced a slave-girl but did not make it absolute, "He can return to her. If he then dies while she is still in the idda from her divorce, she does the idda of a slave- girl whose husband dies, and



it is two months and five days. If she has been set free and he can return to her, and she does not choose to separate after she has been set free, and he dies while she is in the idda from the divorce, she does the idda of a free woman whose husband has died, four months and ten days. That is because the idda of widowhood befell her while she was free, so her idda is the idda of a free woman."

Malik said, "That is what is done among us."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন